



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের যুগ-পূর্তিতে আনন্দ উৎসব অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের যুগ-পূর্তি উপলক্ষে ২৫ অক্টোবর ২০১৭, বুধবার বাংলা বিভাগের উদ্যোগে 'আনন্দ উৎসব' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। নৃত্য পরিবেশনা, গান, কবিতা আবৃত্তি, কৌতুক ও নাটিকা প্রদর্শনীসহ নানা অনুষ্ঠানের মাধ্যমে যুগ-পূর্তিতে আনন্দ উৎসব অনুষ্ঠিত হয়।

বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আরজুমন্দ আরা বানু-এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলা বিভাগের অধ্যাপক ও অনুষ্ঠানের আহ্বায়ক ড. পারভীন আক্তার জেমী। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, দপ্তরের পরিচালক, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।